



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর-০৯১

শেখ রাসেল দিবস উদযাপনের বিভাগীয় প্রস্তুতি সভা অনুষ্ঠিত

রাজশাহী; ৩১ আশ্বিন (১৬ অক্টোবর):

আগামী বুধবার (১৮ অক্টোবর) শেখ রাসেল দিবস। দিবসটি উদযাপন উপলক্ষ্যে গঠিত রাজশাহী বিভাগীয় কমিটির প্রস্তুতি সভা আজ বিভাগীয় কমিশনার কার্যালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়েছে। অতিরিক্ত বিভাগীয় কমিশনার মোঃ ইমতিয়াজ হোসেন এ সভায় সভাপতিত্ব করেন।

প্রস্তুতি সভার সিদ্ধান্ত অনুসারে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের সহযোগিতায় রাজশাহী বিভাগীয় ও জেলা প্রশাসন দিবসটি উপলক্ষ্যে বহুমাত্রিক কর্মসূচি বাস্তবায়ন করবে।

এ উপলক্ষ্যে বুধবার সকাল নয়টায় বিভাগীয় কমিশনারের কার্যালয় হতে এক বর্ণাঢ্য র্যালি বের হয়ে জেলা শিল্পকলা একাডেমিতে গিয়ে শেষ হবে। সকাল সাড়ে নয়টায় জেলা শিল্পকলা একাডেমিতে শেখ রাসেলের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হবে। সকাল পৌনে দশটায় জেলা শিল্পকলা একাডেমি মিলনায়তানে এক আলোচনা সভা অনুষ্ঠিত হবে। বেলা এগারোটায় একই স্থানে সাংস্কৃতিক পরিবেশনা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হবে। এসময় ঢাকার কেন্দ্রীয় অনুষ্ঠানের উদ্বোধন পর্ব ও শেখ রাসেল পদক বিতরণ পর্ব বড় পর্দায় সরাসরি প্রদর্শন করা হবে।

অনুষ্ঠানে রাজশাহী বিভাগীয় কমিশনার ড. দেওয়ান মুহাম্মদ হুমায়ূন কবীর প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন।

বিভাগীয় ও জেলা প্রশাসনের এ কর্মসূচি ছাড়াও রাজশাহী সিটি কর্পোরেশন, শিশু একাডেমী, বাংলাদেশ বেতার রাজশাহী কেন্দ্র, শেখ রাসেল শিশু পুনর্বাসন কেন্দ্র, শিশু পরিবার, গণপূর্ত দপ্তর, সকল শিক্ষাপ্রতিষ্ঠানসহ আরো অনেক দপ্তর বিদসটি উদযাপনে পৃথক পৃথক অনুষ্ঠান আয়োজন করবে।

.....
তৌহিদ/সিকান্দার/রুহুল/হালিম/২০২৩/১২.১০ঘ.